# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৮০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন শাসকগণ সালাতকে নির্ধারিত সময় থেকে বিলম্বে আদায় করবে, তখন ব্যক্তির জন্য যা করা আবশ্যক

ذِكْرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ عِنْدَ تَأْخِيرِ الْأُمَرَاءِ الصَّلَاةَ عَنْ أَوْقَاتِهَا

---

আরবী

1480 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي الْعَالِيَةِ الْبَرَاءِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ أَبِي ذَرٍّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (كَيْفَ أَنْتَ إِذَا بَقِيتَ فِي قَوْمٍ يؤخِّرون الصَّلَاةَ عَنْ وَقْتِهَا)؟ قَالَ: كَيْفَ أَفْعَلُ؟ قَالَ: (صَلِّ الصَّلَاةَ لِوَقْتِهَا فَإِذَا أَدْرَكْتَهُمْ لَمْ يُصَلُّوا فَصَلِّ مَعَهُمْ وَلَا تقل: إِنِّي قَدْ صَلَّيْتُ فَلَا أُصلي)
الراوي : عَمْرو بْن مَيْمُونٍ الْأَوْدِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1480 | خلاصة حكم المحدث :صحيح ـ ((صحيح أبي داود)) (458): م.

বাংলা

১৪৮০. আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমার অবস্থা কেমন হবে, যখন তুমি এমন কওমের মাঝে থাকবে, যারা সালাতকে নির্ধারিত সময় থেকে বিলম্বে আদায় করে?” তিনি বলেন, “তখন আমি কিভাবে আমল করবো?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি সালাতকে নির্ধারিত সময়ে আদায় করবে, অতঃপর যখন তুমি তাদের সালাত আদায় করতে পাবে, তখন তুমি আবার তাদের সাথে সালাত আদায় করবে। এটা বলবে না, “আমি তো সালাত আদায় করেছি, কাজেই আমি আর সালাত আদায় করবো না।”[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৩/১২৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৭৮১; সহীহ মুসলিম: ৬৪৮; নাসাঈ: ২/৭৫; আত

তায়ালিসী: ৪৫৪; দারেমী: ১/২৭৯; আত তাবারানী: ১৬৩৩; বাগাবী: ২৯৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৮১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90795

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন